# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 08.05.2024 Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবর-

১) রাজ্যে পঞ্চম দফা লোকসভা নির্বাচনে ৮৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন।

ষষ্ঠ দফার ভোটের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে।

২) রাজ্যে এবছর উচ্চ-মাধ্যমিকে পাসের হার ৯০ শতাংশ। সাফল্যের নিরিখে শীর্ষে রয়েছে পূর্ব মেদিনীপুর জেলা।

৩) আজ ২৫-শে বৈশাখ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩-তম জন্মজয়ন্তী, তাঁরই লেখা- গান-কবিতা-রচনায় নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে।

৪) ঘূর্ণাবর্ত ও অক্ষরেখার প্রভাবে রাজ্যে আগামী রবিবার পর্যন্ত ঝড়-বৃষ্টির পূর্বাভাষ। কমেছে সর্বোচ্চ তাপমাত্রাও।

০০০০০০০০০০০০০০০০

রাজ্যে পঞ্চম দফা লোকসভা নির্বাচনে ৮৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন। গত সোমবার মনোনয়নপত্র প্রত্যাহারের সময়সীমা শেষ হয়। এই দফায় বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হুগলী ও আরামবাগ – এই সাত আসনে ভোট নেওয়া হবে আগামী বিশে মে।

অন্যদিকে, ষষ্ঠ দফার ভোটের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে।

নির্বাচন কমিশন আজ এক বিবৃতিতে জানিয়েছে, তৃতীয় দফায় রাজ্যে গড়ে ভোট পড়েছে ৭৭ দশমিক পাঁচ তিন শতাংশ। এখনও পর্যন্ত মুর্শিদাবাদ  থেকেই সর্বাধিক ৮১ দশমিক পাঁচ দুই শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে। যদিও তা চূড়ান্ত নয়।

এদিকে, নির্বাচন কমিশন রাজ্যে তিন দফায় ভোট গ্রহণ পর্ব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেছে। মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব ভোটের সঙ্গে যুক্ত প্রত্যেকের ভুয়সী প্রশংসা করে চতুর্থ দফার ভোট প্রস্তুতি ও নিরাপত্তা নিয়ে বৈঠক করেন। নির্বাচন সদনের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কেন্দ্রগুলির জেলাশাসক ও পুলিশ সুপাররা বৈঠকে যোগ দেন।

০০০০০০০০০০০০০০০০০০

চতুর্থ দফায় এ রাজ্যের যে আটটি লোকসভা আসনে ভোট নেওয়া হবে, তার মধ্যে নজরকাড়া আসন হলো বহরমপুর।

আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন।

(বহরমপুর)

০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের অন্যান্য দফার জন্য প্রচারাভিযান জোরকদমে চলেছে।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আজ হুগলীর আরামবাগে দলীয় প্রার্থী মিতালি বাগের  সমর্থনে প্রচারসভায় যোগ দেন।

হুগলী লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থী রচনা ব্যানার্জীর সমর্থনে একটি জনসভা করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, এস এস সি নিয়োগ নিয়ে সুপ্রিম কোর্ট যে অবস্থান নিয়েছে, তাতে তিনি স্বস্তিবোধ করছেন।

দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ বহরমপুরে দলীয় প্রার্থী ক্রিকেটার ইউসুফ পাঠানের সমর্থনে রোড শো করেন। পদযাত্রা শেষে এক সভায় প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীর তীব্র সমালোচনা করেন তিনি।

অন্যদিকে, সিপিআইএম – কংগ্রেস জোট প্রার্থী এস এম সাদি-র সমর্থনে আজ নদীয়ার কৃষ্ণনগরে রোড শো-এর আয়োজন করা হয়। কদমতলা ঘাট থেকে শুরু হয়ে পদযাত্রা পোস্ট অফিস মোড়ে এসে থামে। উপস্থিত ছিলেন সি পি আই এম – এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

শান্তিনিকেতনে রবীন্দ্রনাথের ছবি নিয়ে পদযাত্রায় সামিল হন বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

০০০০০০০০০০০০০০০০০০০

এক মহিলা কর্মীর শ্লীলতাহানির অভিযোগের প্রেক্ষিতে রাজভবন সংশ্লিষ্ট ঘটনার ভিডিও ফুটেজ জনসমক্ষে আনার সিদ্ধান্ত নিয়েছে। রাজভবনের তরফে জারি করা এক বিবৃতিতে জানানো হয়েছে, পুলিশকে ওই ঘটনার সিসিটিভি ফুটেজ রাজভবন দিচ্ছে না বলে উদ্দেশ্য প্রণোদিত অভিযোগ করা হচ্ছে। যার জবাবে রাজ্যপাল সেদিনের ভিডিও ফুটেজ জনসমক্ষে আনার সিদ্ধান্ত নিয়েছেন। যে কোন সাধারণ নাগরিক ইমেইল মারফত রাজভবনের কাছে ওই ঘটনার ফুটেজ চাইতে পারবেন। আগামীকাল সকাল ১১:০০ টায় ১০০ জনের সামনে ওই ভিডিও ফুটেজ প্রকাশ্যে আনা হবে বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস জানিয়েছেন।

oooooooooooooooooooo

রাজ্যে এবছর উচ্চ-মাধ্যমিকে পাসের হার ৯০ শতাংশ। পরীক্ষা শেষ হওয়ার ৬৯ দিনের মাথায় আজ দুপুরে ফল প্রকাশ করে উচ্চ-মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানান, সাফল্যের হারের নিরিখে শীর্ষে রয়েছে পূর্ব মেদিনীপুর। তারপরেই  রয়েছে দক্ষিণ ২৪ পরগনা। তৃতীয় স্থানে রয়েছে পশ্চিম মেদিনীপুর।

আলিপুরদুয়ারের ম্যাক উইলিয়াম হাইস্কুলের ছাত্র অভিক দাস ৯৯ দশমিক ২ শতাংশ নম্বর পেয়ে প্রথম হয়েছেন। তাঁর প্রাপ্ত নম্বর ৪৯৬ নম্বই। ৪৯৫ পেয়ে দ্বিতীয় হয়েছেন নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের ছাত্র সৌম্যদীপ সাহা। তার থেকে এক নম্বর কম পেয়ে তৃতীয়স্থান দখল করেছেন মালদার রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিদ্যামন্দিরের পড়ুয়া অভিষেক গুপ্ত।

অন্যদিকে, ৪৯৩ পেয়ে মেয়েদের মধ্যে যুগ্মভাবে প্রথম হয়েছেন কোচবিহারের সুনীতি অ্যাকাডেমীর প্রতিচী রায় তালুকদার এবং চন্দননগরের কৃষ্ণভাবিনী নারী শিক্ষা মন্দিরের ছাত্রী স্নেহা ঘোষ। সব মিলিয়ে প্রথম দশে রয়েছেন ৫৮ জন পরীক্ষার্থী।

শ্রী ভট্টাচার্য জানান –

(বাইট)

এদিকে, উচ্চ-মাধ্যমিকের প্রথম অভিক দাস সাংবাদিকদের জানিয়েছেন, ভবিষ্যতে সে অ্যাস্ট্রফিজিস্ নিয়ে পড়াশোনা করতে চায়।

(বাইট - অভিক)

অন্যদিকে, প্রতিচী জানিয়েছে, ডাক্তার হতে চায় সে। ইতিমধ্যেই নীট পরীক্ষা দেওয়া হয়ে গেছে তার।

(বাইট – প্রতিচী)

oooooooooooooooooooooo

অন্য জায়গায় ভর্তির সুবিধায় পরীক্ষার্থীদের খাতা দ্রুত স্ক্রুটিনি ও রিভিউয়ের জন্য উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ এই প্রথম তৎকাল সার্ভিস চালু করেছে। চলতি বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য যারা রিভিউ বা স্ক্রুটিনি চান আগামী শুক্রবার থেকে সোমবার রাত বারোটা পর্যন্ত আবেদন জানানো যাবে। তবে এক্ষেত্রে নির্দিষ্ট ফিজ এর তুলনায় বেশি ফিজ দিতে হবে। আবেদন জানানোর সাতদিনের মধ্যে সংশোধিত শংসাপত্র দিয়ে দেওয়া হবে বলে সংসদের পক্ষ থেকে জানা গেছে।

ooooooooooooooooo

আজ ২৫-শে বৈশাখ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৩-তম জন্মজয়ন্তী, তাঁরই লেখা- গান-কবিতা-রচনায় নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে।

(ভয়েসকাস্ট)

শান্তিনিকেতনে চিরাচরিত প্রথা অনুযায়ী কাঁচ মন্দিরে বিশেষ উপাসনার পর বৈতালিকের মধ্যে দিয়ে শুরু হয়েছে কবিগুরুর জন্মোৎসব উদ্‌যাপন। বিকেলে গৌর প্রাঙ্গণে পরিবেশিত হয় নৃত্যনাট্য। একসময় শান্তিনিকেতনে ২৫শে বৈশাখের পরিবর্তে পয়লা বৈশাখে পালন করা হত রবীন্দ্র জন্মজয়ন্তী। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে সেই প্রথার বদল ঘটেছে।

রবীন্দ্র স্মৃতি বিজড়িত দার্জিলিং-এর মংপুতে বিশ্বকবির জন্মজয়ন্তী সাড়ম্বরে পালিত হয়। নাচে-গানে শ্রদ্ধা জানানো হয় কবিকে। প্রশাসনিক কর্তা ছাড়াও বহু পর্যটক সেখানে উপস্হিত ছিলেন।

oooooooooooooooooo

রবীন্দ্রসদন সংলগ্ন ক্যাথিড্রাল রোডের অস্থায়ী মঞ্চে আজ পঁচিশে বৈশাখ উপলক্ষ্যে রাজ্য সরকারের উদ্যোগে পক্ষকাল ব্যাপী কবি প্রণামের সূচনা হয়েছে।

নির্বাচনী বিধি জারি থাকায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও রাজ্য মন্ত্রিসভার অন্য দুই সদস্য অরূপ বিশ্বাস ও ইন্দ্রনীল সেন দর্শকাসনে উপস্থিত ছিলেন। অংশ নেন শিবাজী চট্টোপাধ্যায়, অরুন্ধতী হোম চৌধুরী, স্বাগতালক্ষী দাশগুপ্ত, জয় গোস্বামী সহ বহু বিশিষ্ট শিল্পী।

কবি প্রণামের অঙ্গ হিসেবে গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় আজ থেকে শুরু হয়েছে "স্মৃতি কথায় রবিকথা"শীর্ষক প্রদর্শনী।

সকালে জোড়াসাঁকো ঠাকুর বাড়ির উদয়শংকর কক্ষে ও বেলেঘাটা সুরালোকের আয়োজনে রথীন্দ্রমঞ্চে কবি প্রণামে শিল্পীরা অংশ নেন ।

এছাড়া আকাশবাণী ভবন, রাজ্য সচিবালয় নবান্ন, বিধানসভা ভবন ও মেট্রো রেল কর্তৃপক্ষও দিনটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করে।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশ ও সংলগ্ন এলাকার ওপর সমুদ্রপৃষ্ঠে খুব কাছে ঘূর্ণাবর্তের উপস্থিতি এবং দক্ষিণ-পূর্ব রাজস্থান থেকে গাঙ্গেয় পশ্চিমবঙ্গ পর্যন্ত বিস্তৃত অক্ষরেখা ফলে আগামী রবিবার পর্যন্ত রাজ্যে ঝড়-বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

আগামী শুক্রবার দক্ষিণবঙ্গের বিভিন্ন এলাকায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে প্রতি ঘণ্টায় ঝোড়ো হাওয়া বয়ে যাবে। পরবর্তী দু-দিনও জারি থাকছে হলুদ সতর্কতা।

অন্যদিকে, উত্তরবঙ্গের ক্ষেত্রেও একই পূর্বাভাষ দেওয়া হয়েছে।

এদিকে, আকাশে মেঘের সঞ্চার হওয়ায় সর্বোচ্চ তাপমাত্রা বেশ খানিকটা কমেছে। আলিপুরে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়, ৩০ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। যা স্বাভাবিকের থেকে ৫ ডিগ্রী নীচে। সকালে সর্বনিম্ন তাপমাত্রাও ছিল স্বাভাবিকের ৪ দশমিক ৬ ডিগ্রী কম।

মৎস্যজীবীদের জন্য কোন সতর্কতা না থাকলেও আজ রাত সাড়ে ১১-টা পর্যন্ত সমুদ্রে উঁচু ঢেউ উঠতে পারে বলে সতর্কতা জারি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০